গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
লক্ষ্মীপুর
(রাজস্ব শাখা)
www.lakshmipur.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৫১০০.০০৯.০৬.০০১.২২- ২১৮৭

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৯ / ০১ ডিসেম্বর ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার ১৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৫০.১৪-৩৯৪ সংখ্যক স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর এর রাজস্ব প্রশাসনের অধীন নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত লক্ষ্মীপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে নিম্নলিখিত শর্তে Online-এ (http://dclakshmipur.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে; অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | নাজির কাম-ক্যাশিয়ার | ০২ (দুই) টি | গ্রেড-১৬ : ৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০২ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৬ (ছয়) টি | গ্রেড-১৬ : ৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৩ | সার্টিফিকেট পেশকার | ০২ (দুই) টি | গ্রেড-১৬ : ৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৪ | সার্টিফিকেট সহকারী | ০২ (দুই) টি | গ্রেড-১৬ : ৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৫ | ক্রেডিট চেকিং-কাম- সায়রাত সহকারী | ০৪ (চার) টি | গ্রেড-১৬ : ৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৬ | মিউটেশন- কাম-সার্টিফিকেট সহকারী | ০৪ (চার) টি | গ্রেড-১৬ : ৯৩০০-২২৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |

চলমান পাতা- ০২

## আবেদনের শর্তাবলী:

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও লক্ষ্মীপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

০২. প্রার্থীর বয়সসীমা ২০.১২.২০২২ তারিখে ১৮-৩০ বছর। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-০১ শাখার ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১..০১৭.২০.১৪৯ নং স্মারক অনুযায়ী সর্বোচ্চ বয়সসীমার ক্ষেত্রে ২৫/০৩/২০২০ তারিখে যাদের বয়স ৩০ বা তার কম ছিল তারা আবেদন করতে পারবে। বীর মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য নহে;

০৩. অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত /নির্বাচন /নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৪. এই নিয়োগ বিজ্ঞপ্তির শুন্য পদসমূহ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৫. চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতি পত্র দাখিল করতে হবে;

০৬. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা;

০৭. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

০৮. উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে;

০৯. মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল প্রকার সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে);

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক নাগরিকত্ব সনদপত্র;

গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;

ঙ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

চ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ছ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ডেন্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;

ঞ) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

ট) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;

ঠ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

ড) কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র;

১০. একজন প্রার্থী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন; একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১১. নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে;

১২. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না;

১৩. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা;

### অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলীঃ

১৪)ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://dclakshmipur.teletalk.com.bd** ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৪/১২/২০২২ সকাল ১০.০০ টা;

ii. Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৪/১২/২০২২ খ্রি. বিকাল ০৫.০০ টা;

iii. উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যেকোনো teletalk pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থীতার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ pixel) রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন;

গ. Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র জমাদানের পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

চলমান পাতা- ০৩

ঘ. প্রার্থী Online- এ পুরনকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যাবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন;

ঙ. SMS প্রেরণের নিয়মাবলীও পরীক্ষার ফি প্রদানঃ Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুল ভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy- তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থীর নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ক্রমিক ১-৬ নং পর্যন্ত পদের জন্য ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা জমা দিতে হবে। উল্লেখ্য যে, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা"; Online- এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেনা;

নিয়মাবলীঃ

**প্রথম SMS:** **DCLAKSHMIPUR <space> User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : **DCLAKSHMIPUR ABCDEF** send to 16222

Reply: Applicant's Name **Tk.223/-** Will be Charged as application fee, Your PIN 12345678. To pay fee Type DCLAKSHMIPUR <space> YES <space> PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **DCLAKSHMIPUR <space> YES** <space> **PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example : **DCLAKSHMIPUR YES 12345678** & send to 16222.

Reply: Congratulation Applicant's Name payment completed successfully for DCLAKSHMIPUR Application for xxxxxxxxxxxx USER ID is (ABCDEF) and password (xxxxxxxxxxx).

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস- এ Password পাবেন;

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dclakshmipur.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সংরক্ষণ সচল রাখা এবং SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়; মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সংরক্ষণ সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়;

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নেবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধু teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং PIN পুনুরুদ্ধার করতে পারবেন;

**User ID জানা থাকলেঃ**

**DCLAKSHMIPUR <space> Help <space> User <space> User ID** send to 16222.
Example: **DCLAKSHMIPUR Help User ABCDEF** & send to 16222.

**PIN Number জানা থাকলেঃ**

**DCLAKSHMIPUR <space> Help <space> PIN <space> PIN NO** & send tp 16222.
Example: **DCLAKSHMIPUR Help PIN 12345678** & Send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর এর Website: www.lakshmipur.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/dclakshmipur ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.lakshmipur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা adcrlakshmipur@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাইবে। (Mail এর Subject-এ Organization Name: DCLAKSHMIPUR ; Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

ট. ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষার নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

ঠ. এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

০১/১২/২০২২

(মোঃ আনোয়ার হোছাইন আকন্দ)
জেলা প্রশাসক
লক্ষ্মীপুর।
ফোন: ০২৩৩৪৪৪১৪১০
dclakshmipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৫১০০.০০৯.০৬.০০১.২২- ২২৮৭ তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৯ / ০১ ডিসেম্বর ২০২২।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দিন আহমদ স্মরণি, তেজগাঁও, ঢাকা- ১২০৮।
০৫। বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৬। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৭। জেলা প্রশাসক,..........................................(সকল)।
০৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৯। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
১০। সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, ও সদস্য, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০১/১২/২০২২

(মোঃ আনোয়ার হোছাইন আকন্দ)
জেলা প্রশাসক
লক্ষ্মীপুর

স্মারক নং- ০৫.৪২.৫১০০.০০৯.০৬.০০১.২২- ২২৮৭ তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৯ / ০১ ডিসেম্বর ২০২২।

অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লক্ষ্মীপুর।
০৩। সিভিল সার্জন, লক্ষ্মীপুর।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/শিক্ষা ও আইসিটি/সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষ্মীপুর সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
০৭। মেয়র, লক্ষ্মীপুর /রায়পুর /রামগঞ্জ/রামগতি পৌরসভা, লক্ষ্মীপুর।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
০৯। আরডিসি/এনডিসি/এলএও/জিসিও, লক্ষ্মীপুর।
১০। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং# ৩/এ.৫/এ.৭/এ রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২।
১১। সহকারী কমিশনার (ভূমি), সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
১২। সহকারী কমিশনার, ........................................ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর।
১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, লক্ষ্মীপুর। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

অনুরোধ করা হলো ।

১৪। জেলা তথ্য অফিসার, লক্ষ্মীপুর। জেলার গুরুত্বপূর্ণ এবং জনসমাগমপূর্ণ স্থানে জনস্বার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৫। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লক্ষ্মীপুর (নিয়োগ বিজ্ঞপ্তিটি এবং নির্ধারিত আবেদন ফরম এ কার্যালয়ের ওয়েব সাইটের নোটিশ বোর্ডে আপলোড করার জন্য এবং জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে প্রেরণের অনুরোধসহ)।

১৬। সভাপতি/সেক্রেটারী, লক্ষ্মীপুর প্রেস ক্লাব, লক্ষ্মীপুর।

১৭। বিজ্ঞাপন ম্যানেজার (জাতীয় দৈনিক পত্রিকা) দৈনিক যুগান্তর। অত্র সাথে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০৪.১২.২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় সল্প পরিসরে প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি এবং বিধিমোতাবেক বিজ্ঞপ্তি প্রকাশের বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ সংক্রান্ত বরাদ্দ পাওয়ার পর দাবীকৃত বিলের টাকা পরিশোধ করা হবে।

১৮। বিজ্ঞাপন ম্যানেজার (স্থানীয় দৈনিক পত্রিকা) লক্ষ্মীপুরদৈনিক সমাচার। অত্র সাথে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০৪.১২.২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় সল্প পরিসরে প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি এবং বিধিমোতাবেক বিজ্ঞপ্তি প্রকাশের বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এ সংক্রান্ত বরাদ্দ পাওয়ার পর দাবীকৃত বিলের টাকা পরিশোধ করা হবে।

১৯। অফিস কপি/নোটিশ বোর্ড।

০১/১২/২০২২

(মোঃ আনোয়ার হোছাইন আকন্দ)
জেলা প্রশাসক
লক্ষ্মীপুর